# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন।

## (জানুয়ারি-জুন, ২০১৮)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## ১. ভূমিকাঃ

টেকসই উন্নয়নের ধারা বজায় রাখার ক্ষেত্রে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) বর্তমান বিশ্বে ব্যবসায়িক ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) হল এক ধরণের ব্যবসায়িক শিষ্টাচার বা নীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অর্ন্তভুক্ত করে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথম জুন ০১, ২০০৮ তারিখে (ডিওএস সার্কুলার নং- ০১ঃ Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সিএসআর মূলধারাকে অর্ন্তভুক্ত করে সিএসআর হিসেবে অর্থ ব্যয়ের দিক নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে তাদের গৃহীত সিএসআর সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। জুন ১০, ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ষান্মাসিক ভিত্তিতে তাদের সিএসআর এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

## ২. সিএসআর খাত বিভাজন ও ব্যয়ের হারঃ

তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নীট মুনাফার অংশ হতে সিএসআর হিসেবে ব্যয় করতে পারবে এবং সিএসআর ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করা যাবে (জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭/২০১৪)। এছাড়া জুলাই ০৯, ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং- ০৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ০৮ (আট) টি খাতে সিএসআর ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। কোন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিএসআর কার্যক্রম গ্রহণ বাধ্যতামূলক নয়; বরং স্বেচ্ছামূলক অংশগ্রহণ হিসেবে পরিগণিত হওয়ায় উল্লিখিত খাতসমূহে নির্ধারিত সীমা পর্যন্ত সিএসআর কার্যক্রম গ্রহণ বাধ্যতামূলক নয়।

## ৩. জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর ব্যয়ঃ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে টাকা ৬২৮.৭০ কোটি (ছয়শত আঠাশ কোটি এবং সত্তর লক্ষ মাত্র) সিএসআর বাবদ অর্থ ব্যয় করেছে তন্মধ্যে ব্যাংকসমূহ কর্তৃক করা হয়েছে টাকা ৬২৭.১৩ কোটি (ছয়শত সাতাশ কোটি এবং তের লক্ষ মাত্র) এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক করা হয়েছে টাকা ১.৫৭ কোটি (এক কোটি সাতান্ন লক্ষ মাত্র)। ইতোমধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত সিএসআর কার্যক্রম সংক্রান্ত জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা এ প্রতিবেদনে তুলে ধরা হলো।

### ৩.১. তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর কার্যক্রমঃ


দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ সর্বমোট টাকা ৬২৭.১৩ কোটি (টাকা ছয়শত সাতাশ কোটি তের লক্ষ মাত্র)। ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং চিত্র-১ এর মাধ্যমে তুলে ধরা হলো।

ছক-১ ঃ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | তফসিলি ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | সোনালী ব্যাংক লি: | - | ০.১৫ | - | - | - | - | - | ০.১৮ | ০.৩৩ | - | ৪৫.৪৫ | - |
| ২ | জনতা ব্যাংক লি: | - | ০.০৪ | ০.৯০ | - | - | - | - | ০.১৭ | ১.১১ | - | ৩.৬০ | ৮১.০৮ |
| ৩ | অগ্রণী ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | রূপালী ব্যাংক লি: | ০.১৮ | ০.২৩ | - | - | ০.০২ | ০.০৩ | - | ০.০৫ | ০.৫১ | ৩৫.২৯ | ৪৫.১০ | - |
| ৫ | বেসিক ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | ০.০৫ | ০.০৫ | - | - | - |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৯ | এবি ব্যাংক লি: | ০.০৫ | ০.০৩ | - | - | ৪.৭৯ | - | - | ৮.২২ | ১৩.০৯ | ০.৩৮ | ০.২৩ | - |
| ১০ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি: | ০.৭৫ | ০.৩২ | ০.১৮ | ০.৫৫ | ০.০৫ | - | - | ৬.৭০ | ৮.৫৫ | ৮.৭৭ | ৩.৭৪ | ৮.৫৪ |
| ১১ | ব্যাংক এশিয়া লি: | ১.৫৫ | ০.০৫ | ১.০৭ | - | ০.১৭ | ০.০৭ | - | ১.৭২ | ৪.৬৩ | ৩৩.৪৮ | ১.০৮ | ২৩.১১ |
| ১২ | বাংলাদেশ কমার্স ব্যাংক লি: | - | ০.০৩ | ০.০৩ | - | - | - | - | - | ০.০৬ | - | ৫০.০০ | ৫০.০০ |
| ১৩ | ব্র্যাক ব্যাংক লি: | ২.১০ | ০.০৮ | ০.১২ | - | - | - | - | ৫.৪৯ | ৭.৭৯ | ২৬.৯৬ | ১.০৩ | ১.৫৪ |
| ১৪ | ঢাকা ব্যাংক লি: | ০.০৬ | ০.৭০ | ৫.৯২ | - | - | - | - | ০.০২ | ৬.৭০ | ০.৯০ | ১০.৪৫ | ৮৮.৩৬ |
| ১৫ | ডাচ-বাংলা ব্যাংক লি: | ২৮.২০ | ৩.২০ | ৬.৮৯ | ০.০৭ | - | - | - | ১০.৭৬ | ৪৯.১২ | ৫৭.৪১ | ৬.৫১ | ১৪.১৭ |
| ১৬ | ইস্টার্ন ব্যাংক লি: | - | - | ৫.০৪ | - | - | ০.০২ | - | - | ৫.০৬ | - | - | ৯৯.০০ |
| ১৭ | দি ফারমার্স ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৮ | এক্সিম ব্যাংক লি: | ৩.০২ | ৩.১৪ | ২৫.৬০ | - | ১.০৩ | - | - | ০.৮৯ | ৩৩.৬৮ | ৮.৯৭ | ৯.৩২ | ৭৬.০০ |
| ১৯ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি: | ৫.১০ | ২.৩৩ | ১২.২০ | ০.০৩ | ১.৪৪ | - | - | - | ২১.১০ | ২৪.১৭ | ১১.০৪ | ৫৭.৯৬ |
| ২০ | আইসিবি ইসলামীক ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২১ | আইএফআইসি ব্যাংক লি: | ০.৫৫ | ০.০৭ | ০.১৪ | - | - | - | - | ০.০২ | ০.৭৮ | ৭০.৫১ | ৮.৯৭ | ১৭.৯৫ |
| ২২ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: | ২০৬.৯৫ | ০.১৮ | ৬৪.৭৭ | ০.১০ | ১.৪৬ | - | - | ১.৩২ | ২৭৪.৭৮ | ৭৫.৩১ | ০.০৬ | ২৩.৬১ |
| ২৩ | যমুনা ব্যাংক লি: | ১.৩৬ | ২.০৪ | ৮.১৫ | - | ০.১০ | ০.২৪ | ০.৩১ | ০.১৯ | ১২.৩৯ | ১০.৯৮ | ১৬.৪৬ | ৬৫.৭৮ |
| ২৪ | মেঘনা ব্যাংক লি: | - | - | ১.২৮ | - | - | - | - | - | ১.২৮ | - | - | ১০০.০০ |
| ২৫ | মার্কেন্টাইল ব্যাংক লি: | ০.৭৭ | ০.৬৫ | ৭.৪৪ | ০.০২ | ০.৩১ | - | - | ০.৪১ | ৯.৬০ | ৮.০২ | ৬.৭৭ | ৭৭.৭১ |
| ২৬ | মিডল্যান্ড ব্যাংক লি: | ০.০২ | - | - | - | - | - | - | ০.০২ | ০.০৪ | ৫০.০০ | - | - |
| ২৭ | মধুমতি ব্যাংক লি: | ০.০৪ | - | ০.৭৫ | - | - | - | - | ০.০২ | ০.৮১ | ৪.৯৪ | - | ৯২.৫৯ |
| ২৮ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি: | ০.৩৯ | ০.০৪ | ৬.৭৬ | - | ০.০১ | - | - | ০.২০ | ৭.৪০ | ৫.২৭ | ০.৫৪ | ৯১.৩৫ |
| ২৯ | ন্যাশনাল ব্যাংক লি: | ০.০২ | ০.৬৭ | ১৮.৬০ | - | ৩.৪৫ | ০.২১ | ০.০৯ | ০.১৬ | ২৩.২০ | ০.০৯ | ২.৮৯ | ৮০.১৭ |
| ৩০ | এনসিসি ব্যাংক লি: | ০.৩৮ | ০.১৮ | ২.৮৯ | - | ০.৪১ | - | - | ৫.২০ | ৯.০৬ | ৪.১৯ | ১.৯৯ | ৩১.৯০ |
| ৩১ | এনআরবি ব্যাংক লি: | ০.০৫ | - | ১.৪৬ | - | - | - | - | - | ১.৫১ | ৩.৩১ | - | ৯৬.৬৯ |
| ৩২ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি: | - | ০.০২ | ১.৬২ | - | - | - | - | - | ১.৬৪ | - | ১.২২ | ৯৮.৭৮ |
| ৩৩ | এনআরবি গ্লোবাল ব্যাংক লি: | ০.০১ | ০.২১ | ৮.৭৬ | - | - | - | - | - | ৮.৯৮ | ০.১১ | ২.৩৪ | ৯৭.৫৫ |

| | ছক-১ ঃ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (চলমান) (কোটি টাকায়) | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | তফসিলি ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | | | |
| ৩৪ | ওয়ান ব্যাংক লি: | ০.৮৪ | ০.০১ | ৫.০৫ | - | - | - | - | - | ৫.৯০ | ১৪.২৪ | ০.১৭ | ৮৫.৫৯ |
| ৩৫ | প্রাইম ব্যাংক লি: | ৩.৩২ | ২.৫৬ | - | - | - | - | - | ৬.২২ | ১২.১০ | ২৭.৪৪ | ২১.১৬ | - |
| ৩৬ | পূবালী ব্যাংক লি: | ০.৪১ | ০.১৫ | ৬.৮২ | - | ০.০১ | - | - | ০.৫৭ | ৭.৯৬ | ৫.১৫ | ১.৮৮ | ৮৫.৬৮ |
| ৩৭ | সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লি: | ০.২০ | ০.১২ | ১.৭৯ | - | - | - | - | ০.০৯ | ২.২০ | ৯.১০ | ৫.৪৫ | ৮১.৩৬ |
| ৩৮ | শাহজালাল ইসলামী ব্যাংক লি: | ১.২৫ | - | - | - | - | - | - | ৬.৬৩ | ৭.৮৮ | ১৫.৮৬ | - | - |
| ৩৯ | স্যোসাল ইসলামী ব্যাংক লি: | ০.১৩ | ০.০৭ | ১.২০ | ০.২৪ | - | - | - | - | ১.৬৪ | ৭.৯৩ | ৪.২৭ | ৮৭.৮০ |
| ৪০ | সাউথইস্ট ব্যাংক লি: | ৪.০৪ | ২.৬১ | ৬.০৩ | - | ০.৯৯ | ০.০৩ | ০.০৫ | ০.০৭ | ১৩.৮২ | ২৯.২৩ | ১৮.৮৯ | ৪৩.৬৩ |
| ৪১ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি: | ০.১১ | ০.০৪ | ৯.৮৮ | - | - | - | - | ০.০৪ | ১০.০৭ | ১.০৯ | ০.৪০ | ৯৮.১১ |
| ৪২ | সীমান্ত ব্যাংক লি: | ০.৩৫ | - | - | - | ০.০২ | - | - | - | ০.৩৭ | ৯৪.৫৯ | - | - |
| ৪৩ | দি সিটি ব্যাংক লি: | ০.২১ | - | ৫.০৪ | - | ০.০৫ | - | ০.১৩ | ০.০৮ | ৫.৫১ | ৩.৮১ | - | ৯১.৪৭ |
| ৪৪ | দি প্রিমিয়ার ব্যাংক লি | ৫.০৩ | - | ১১.৬০ | - | ০.০২ | - | - | ০.২৫ | ১৬.৯০ | ২৯.৭৬ | - | ৬৮.৬৪ |
| ৪৫ | ট্রাস্ট ব্যাংক লি: | ০.৫৫ | - | ১.৭৮ | - | ০.০৬ | - | - | ০.২৬ | ২.৬৫ | ২০.৭৫ | - | ৬৭.১৭ |
| ৪৬ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: | ০.৯৮ | ০.২৬ | ১০.৫৯ | - | ০.১২ | - | - | ৪.৫৮ | ১৬.৫৩ | ৫.৯৩ | ১.৫৭ | ৬৪.০৭ |
| ৪৭ | ইউনিয়ন ব্যাংক লি: | ২.৩১ | ০.৪১ | ৫.০০ | - | ১.০০ | - | - | ৩.০৭ | ১১.৭৯ | ১৯.৫৯ | ৩.৪৮ | ৪২.৪১ |
| ৪৮ | উত্তরা ব্যাংক লি: | - | ০.০১ | ১.২৫ | - | - | - | - | ৫.১০ | ৬.৩৬ | - | ০.১৬ | ১৯.৬৫ |
| ৪৯ | ব্যাংক আল-ফালাহ লি: | ০.০৩ | - | ০.০৮ | - | - | - | - | - | ০.১১ | ২৭.২৭ | - | ৭২.৭৩ |
| ৫০ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ৫১ | সিটিব্যাংক এন.এ. | - | - | ০.০৪ | - | ০.০৩ | - | - | ০.০৩ | ০.১০ | - | - | ৪০.০০ |
| ৫২ | হাবিব ব্যাংক লি: | - | - | ০.০২ | - | - | - | - | - | ০.০২ | - | - | ১০০.০ |
| ৫৩ | এইচএসবিসি | ০.৮৭ | ০.৯৩ | - | - | - | - | - | - | ১.৮০ | ৪৮.৩৩ | ৫১.৬৭ | - |
| ৫৪ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ৫৫ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৫৬ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | - | - | ০.০৭ | - | - | - | - | ০.০২ | ০.১৫ | - | - | ৪৬.৬৭ |
| ৫৭ | উরী ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| সর্বমোট | | **২৭২.১৮** | **২১.৫৩** | **২৪৬.৮১** | **১.০১** | **১৫.৬০** | **০.৬০** | **০.৫৮** | **৬৮.৮২** | **৬২৭.১৩** | | | |
| শতকরা হার (%) | | **৪৩.৪০** | **৩.৪৩** | **৩৯.৩৬** | **০.১৬** | **২.৪৯** | **০.১০** | **০.০৯** | **১০.৯৭** | **১০০.০০** | | | |

চিত্র-১ ঃ জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি সিএসআর ব্যয়




বিশ্লেষণ: ছক-১ ও চিত্র-১ অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর ব্যয়ের মধ্যে শিক্ষা খাতে সর্বোচ্চ টাকা ২৭২.১৮ কোটি (৪৩.৪০%) ব্যয় করা হয়েছে। আলোচ্য ষান্মাষিকে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর খাতে দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় ছিল দুর্যোগ ব্যবস্থাপনা খাতে টাকা ২৪৬.৮১ কোটি (৩৯.৩৬%)। এছাড়াও, ব্যাংকসমূহের সিএসআর খাতে উল্লেখযোগ্য ব্যয়ের খাতসমূহের মধ্যে ছিল স্বাস্থ্য খাতে টাকা ২১.৫৩ কোটি (৩.৪৩%), সংস্কৃতি খাতে টাকা ১৫.৬০ কোটি (২.৪৯%), পরিবেশবান্ধব খাতে টাকা ১.০১ কোটি (০.১৬%) এবং অন্যান্য (Others) খাতে টাকা ৬৮.৮২ কোটি (১০.৯৭%)। আলোচ্য সময়ে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর খাতে ব্যয়ের মধ্যে অনুল্লেখযোগ্য ছিল অবকাঠামোগত উন্নয়ন খাতে টাকা ০.৬০ কোটি (০.১০%) এবং আয় উৎসারীতে টাকা ০.৫৮ কোটি (০.০৯%)।

## ৩.১.২. ব্যাংকওয়ারী সিএসআর ব্যয়

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের ব্যাংকওয়ারী সিএসআর ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাকা ২.০০ (দুই) কোটি (মোট ব্যয়ের ০.৩১%) সিএসআর ব্যয় করেছে। অগ্রণী ব্যাংক লি: এবং বিশেষায়িত ব্যাংকসমূহ এ খাতে কোন অর্থ ব্যয় করেনি। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ৩৮ টি ব্যাংক জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর ব্যয় করেছে, যার পরিমাণ মোট টাকা ৬২২.৯৩ কোটি (মোট ব্যয়ের ৯৯.৩৩%) । অপরদিকে, বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ০৭ টি ব্যাংক কর্তৃক জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর ব্যয় করা হয়েছে যার পরিমাণ টাকা ২.২০ কোটি (মোট ব্যয়ের ০.৩৫%)।

ছক-২ঃ ব্যাংকওয়ারী সিএসআর ব্যয় (কোটি টাকায়)

| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬) | ২.০০ | ০.৩১ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (২) | ০.০০ | ০.০০ |
| বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৪০) | ৬২২.৯৩ | ৯৯.৩৩ |
| বিদেশী বাণিজ্যিক ব্যাংক (৯) | ২.২০ | ০.৩৫ |
| মোট | ৬২৭.১৩ | ১০০.০০ |

### ৩.১.৩. শিক্ষাখাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হারঃ

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে শিক্ষাখাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৩ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে ৩০টি ব্যাংক শিক্ষাখাতে নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ০%-৫% ব্যয় করেছে, এর মধ্যে ২১টি ব্যাংক এ খাতে কোনরূপ ব্যয় করেনি। তাছাড়া, ০৮টি ব্যাংক নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৫.০১%-১০%, ০২টি করে মোট ০৬টি ব্যাংক সিএসআর ব্যয়ের যথাক্রমে ১০.০১%-১৫% ও ১৫.০১%-২০%, ২০.০১%-২৫% এবং ০৫টি ব্যাংক সিএসআর ব্যয়ের ২৫.০১%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে। অপরদিকে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে শিক্ষাখাতে ০৮টি ব্যাংক তাদের নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক ব্যয় করেছে।

**ছক-৩ ঃ শিক্ষা খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস**

| (০-৫)% | (৫.০১-১০)% | (১০.০১-১৫)% | (১৫.০১-২০)% | (২০.০১-২৫)% | (২৫.০১-৩০)% | >৩০% |
|---|---|---|---|---|---|---|
| সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, এবি ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, আইসিবি ইসলামী ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ, দি ফারমার্স ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, উত্তরা ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, সিটি ব্যাংক এন.এ., স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক । | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ এবং ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ। | ওয়ান ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ। | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, ট্রাষ্ট ব্যাংক লিঃ। | ব্র্যাক ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, সাউথইষ্ট ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ এবং ব্যাংক আল-ফালাহ লিঃ। | রূপালী ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ এবং এইচএসবিসি। |
| ৩০টি | ০৮টি | ০২টি | ০২টি | ০২টি | ০৫টি | ০৮টি |

### ৩.১.৪. স্বাস্থ্য খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে স্বাস্থ্য খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৪ এ দেখানো হলো । জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে মোট ৪৩টি ব্যাংক তাদের নিজস্ব সিএসআর ব্যয়ের ০%-৫% স্বাস্থ্যখাতে ব্যয় করেছে, যার মধ্যে ২৫টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তাছাড়া, ০৫টি ব্যাংক তাদের নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৫.০১%-১০%, ০২টি করে ব্যাংক সিএসআর ব্যয়ের যথাক্রমে ১০.০১%-১৫% ও ১৫.০১%-২০% স্বাস্থ্য খাতে ব্যয় করেছে। অপরদিকে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে স্বাস্থ্য খাতে ০৫টি ব্যাংক তাদের নিজ সিএসআর ব্যয়ের ২০% এর অধিক ব্যয় করেছে।

| ছক-৪ ঃ স্বাস্থ্য খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | |
|---|---|---|---|---|
| (০-৫)% | (৫.০১-১০)% | (১০.০১-১৫)% | (১৫.০১-২০)% | >২০% |
| জনতা ব্যাংক লি:, অগ্রণী ব্যাংক লি:, বেসিক ব্যাংক লি:, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, এবি ব্যাংক লি:, ব্র্যাক ব্যাংক লি:, ইস্টার্ন ব্যাংক লি:, দি ফারমার্স ব্যাংক লি:, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি:, ব্যাংক এশিয়া লি:, আইসিবি ইসলামীক ব্যাংক লি:, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি:, ন্যাশনাল ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লি:, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লি:, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লি:, এনআরবি ব্যাংক লি:, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি:, এনআরবি গ্লোবাল ব্যাংক লি:, ওয়ান ব্যাংক লি:, পূবালী ব্যাংক লি:, শাহ্জালাল ইসলামী ব্যাংক লি:, সোস্যাল ইসলামী ব্যাংক লি:, স্ট্যাডার্ড ব্যাংক লি:, সীমান্ত ব্যাংক লি:, দি সিটি ব্যাংক লি:, ট্রাস্ট ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লি:, ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লি:, উত্তরা ব্যাংক লি:, ব্যাংক আল-ফালাহ লিঃ, সিটি ব্যাংক এন.এ., হাবিব ব্যাংক লি:, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরী ব্যাংক এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক। | ডাচ-বাংলা ব্যাংক লি:, এক্সিম ব্যাংক লি:, আইএফআইসি ব্যাংক লি:, মার্কেন্টাইল ব্যাংক লিঃ এবং সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ। | ঢাকা ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ। | সাউথইষ্ট ব্যাংক লি:, যমুনা ব্যাংক লিঃ | সোনালী ব্যাংক লি:, রূপালী ব্যাংক লি:, বাংলাদেশ কমার্স ব্যাংক লি:, প্রাইম ব্যাংক লি: এবং এইচএসবিসি। |
| ৪৩টি | ০৫টি | ০২টি | ০২টি | ০৫টি |

### ৩.১.৫. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:


দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৫ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে মোট ২২টি ব্যাংকের জলবায়ু ঝুঁকি তহবিল খাতে সিএসআর ব্যয় তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ০%-১০%, তন্মধ্যে ১৯টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। অপরদিকে, ৩৫টি ব্যাংক এ খাতে নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ১০% এর অধিক ব্যয় করেছে।

| ছক-৫ ঃ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | |
|---|---|
| (০-১০)% | >১০% |
| সোনালী ব্যাংক লি:, অগ্রণী ব্যাংক লি:, রূপালী ব্যাংক লি:, বেসিক ব্যাংক লি:, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বিডিবিএল, এবি ব্যাংক লি:, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লি:, ব্র্যাক ব্যাংক লি:, দি ফারমার্স ব্যাংক লি:, মিডল্যান্ড ব্যাংক লি:, আইসিবি ইসলামীক ব্যাংক লি:, প্রাইম ব্যাংক লি:, শাহজালাল ইসলামী ব্যাংক লি:, সীমান্ত ব্যাংক লি:, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, এইচএসবিসি, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এবং উরী ব্যাংক। | জনতা ব্যাংক লি:, ব্যাংক এশিয়া লি:, ঢাকা ব্যাংক লি:, ডাচ-বাংলা ব্যাংক লি:, ইস্টার্ন ব্যাংক লি:, এক্সিম ব্যাংক লি:, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি:, আইএফআইসি ব্যাংক লি:, বাংলাদেশ কমার্স ব্যাংক লি:, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি:, যমুনা ব্যাংক লি:, মেঘনা ব্যাংক লি:, মার্কেন্টাইল ব্যাংক লি:, মধুমতি ব্যাংক লি:, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি:, ন্যাশনাল ব্যাংক লি:, এনসিসি ব্যাংক লি:, এনআরবি ব্যাংক লি:, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি:, এনআরবি গ্লোবাল ব্যাংক লি:, ওয়ান ব্যাংক লি:, পূবালী ব্যাংক লি:, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি:, সোস্যাল ইসলামী ব্যাংক লি:, সাউথইষ্ট ব্যাংক লি:, স্ট্যান্ডার্ড ব্যাংক লি:, দি সিটি ব্যাংক লি:, দি প্রিমিয়ার ব্যাংক লি:, ট্রাস্ট ব্যাংক লি:, ইউসিবিএল, ইউনিয়ন ব্যাংক লি:, উত্তরা ব্যাংক লি:, ব্যাংক আল-ফালাহ লি:, সিটি ব্যাংক এন.এ. এবং হাবিব ব্যাংক লি:। |
| ২২টি | ৩৫টি |

### ৩.১.৬. ষান্মাষিক ভিত্তিক খাতওয়ারি তুলনামূলক ব্যয়:

জুন-ডিসেম্বর, ২০১৭ এবং জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক ব্যাংকসমূহের সিএসআর এর খাতওয়ারি তুলনামূলক ব্যয় চিত্র-২ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হল ।

চিত্র-২ ঃ ষান্মাষিক ভিত্তিক ব্যাংকসমূহের সিএসআর এর খাতওয়ারি তুলনামূলক ব্যয়




| | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অবকাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ■ জুন-ডিসেম্বর/১৭ | ৭৬.০৮ | ২২.৭৭ | ২৩৫.৩৬ | ৬.৮৩ | ১৩.৮৬ | ১.২২ | ০.৩২ | ৬১.৩৩ |
| ■ জানুয়ারী-জুন/১৮ | ২৭২.১৮ | ২১.৫৩ | ২৪৬.৮১ | ১.০১ | ১৫.৬০ | ০.৬০ | ০.৫৮ | ৬৮.৮২ |

বিশ্লেষণ: চিত্র-২ বিশ্লেষণ করলে দেখা যায় যে, জুন-ডিসেম্বর, ২০১৭ ষান্মাষিকের চেয়ে জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে শিক্ষা খাতে উল্লেখযোগ্য পরিমাণে সিএসআর ব্যয় বৃদ্ধি পেয়েছে । দুর্যোগ ব্যবস্থাপনা খাতে সিএসআর ব্যয়ের পরিমাণ জুন-ডিসেম্বর, ২০১৭ এবং জানুয়ারি-জুন, ২০১৮ দুইটি ষান্মাষিকেই কাছাকাছি স্থানে অবস্থান করছে । তফসিলি ব্যাংকসমূহের বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, নিজস্ব উদ্যোগে বা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের মাধ্যমে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে অনুদান প্রদানের উদ্দেশ্যে জুন-ডিসেম্বর, ২০১৭ এবং জানুয়ারি-জুন, ২০১৮ উভয় ষান্মাষিকেই এ খাতে সিএসআর ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়া, ব্যাংকসমূহের সিএসআর খাতে উল্লেখযোগ্য অন্যান্য ব্যয়ের খাতসমূহের মধ্যে স্বাস্থ্য, সংস্কৃতি, পরিবেশবান্ধব, আয় উৎসারী, অবকাঠামোগত উন্নয়ন এবং অন্যান্য (Others) খাতে জুন-ডিসেম্বর, ২০১৭ এবং জানুয়ারি-জুন, ২০১৮ উভয় ষান্মাষিকেই সিএসআর ব্যয়ের পরিমাণ কাছাকাছি অবস্থানে আছে ।

### ৩.১.৭. সিএসআর ব্যয়বিহীন/অনুল্লেখযোগ্য সিএসআর সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকসমূহ:

দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মধ্যে জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে ০৮(আট)টি ব্যাংক (অগ্রণী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, আইসিবি ইসলামীক ব্যাংক লিঃ, দি ফারমার্স ব্যাংক লিঃ, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরী ব্যাংক লিঃ) কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সিএসআর খাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে এ ষান্মাষিকে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, মিডল্যান্ড ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ এবং বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ এর সিএসআর ব্যয়ের পরিমাণ ছিল অতি নগণ্য।

## ৩.২. জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রম:

বাংলাদেশে কার্যরত ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৩টি আর্থিক প্রতিষ্ঠান জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে ব্যয় করেছে। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ টাকা ১.৫৭ কোটি (টাকা এক কোটি সাতান্ন লক্ষ মাত্র)। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৬ এবং চিত্র-৩ এর মাধ্যমে তুলে ধরা হলো।


ছক-৬ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিলের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২ | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | - | - | - | - | ০.২৫ | - | - | - | ০.২৫ | - | - | ১০০.০০ |
| ৩ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি: | - | - | ০.০৪ | - | - | - | - | ০.০১ | ০.০৫ | - | - | ৮০.০০ |
| ৫ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | ০.০৫ | - | - | - | - | - | ০.০৫ | - | - | ১০০.০০ |
| ৬ | সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি: | ০.০২ | - | - | - | - | - | - | - | ০.০২ | ১০০.০০ | - | - |
| ৮ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | ০.০৪ | - | - | - | - | ০.০৪ | - | - | - |
| ৯ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১০ | ফার্স্ট ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১১ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১২ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | ০.০৫ | ০.০৫ | - | - | - |
| ১৩ | আইডিএলসি ফাইন্যান্স লি: | ০.০৫ | - | ০.০৫ | ০.০২ | ০.০৮ | - | - | ০.০১ | ০.২০ | ২০.০০ | - | ৩৫.০০ |
| ১৪ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৫ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি: | - | - | ০.১০ | - | - | - | - | - | ০.১০ | - | - | ১০০.০০ |
| ১৬ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ১৭ | আইপিডিসি ফাইন্যান্স লি: | - | ০.০৫ | - | ০.০১ | ০.১১ | - | - | ০.০৩ | ০.১৯ | - | ২৬.৩২ | ৫.২৬ |
| ১৮ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | ০.০৩ | ০.০৩ | - | - | - |
| ১৯ | লংকাবাংলা ফাইন্যান্স লি: | ০.০৭ | ০.০৩ | - | - | ০.০৪ | - | - | - | ০.১৪ | ৫০.০০ | ২১.৪৩ | - |
| ২০ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২১ | মাইডাস ফাইন্যান্সিং লি: | - | - | ০.০৩ | - | - | - | - | - | ০.০৩ | - | - | ১০০.০০ |
| ২২ | ন্যাশনাল ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৩ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি: | - | - | - | - | - | - | - | ০.০১ | ০.০১ | - | - | - |
| ২৪ | পিপল্‌স লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | ০.০১ | - | ০.০১ | - | - | - | - | - | ০.০২ | ৫০.০০ | - | ৫০.০০ |
| ২৫ | ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | ০.০১ | ০.০১ | ০.০১ | - | - | - | - | - | ০.০৩ | ৩৩.৩৩ | ৩৩.৩৩ | ৩৩.৩৩ |
| ২৬ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | ০.০৩ | ০.০৩ | - | - | - |
| ২৭ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৮ | রিলায়েন্স ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |

ছক-৬ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিলের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ২৯ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০২ | ০.০২ | - | - | - | - | - | - | ০.০৪ | ৫০.০০ | ৫০.০০ | - |
| ৩০ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০২ | - | ০.০৪ | - | - | ০.০৫ | - | - | ০.১১ | ১৮.১৮ | - | ৩৬.৩৬ |
| ৩১ | ইউনিয়ন ক্যাপিটাল লি: | ০.০৫ | - | - | - | - | - | - | ০.০৩ | ০.০৮ | ৬২.৫০ | - | - |
| ৩২ | ইউনাইটেড ফাইন্যান্স লি: | - | - | ০.০৭ | - | - | - | - | - | ০.০৭ | - | - | ১০০.০০ |
| ৩৩ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | ০.০১ | - | - | - |
| ৩৪ | লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | ০.০১ | | | |
| মোট: | | ০.২৫ | ০.১১ | ০.৩৯ | ০.০৭ | ০.৪৮ | ০.০৫ | - | ০.২১ | ১.৫৭ | | | |
| শতকরা হার (%) | | ১৬.০০ | ৭.০১ | ২৪.৮৪ | ৪.৪৬ | ৩০.৫৭ | ৩.১৮ | - | ১৩.৩৮ | ১০০.০০ | | | |

চিত্র- ৩ঃ জানুয়ারি-জুন, ২০১৮ ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি সিএসআর ব্যয়




বিশ্লেষণ: ছক-৬ ও চিত্র-৩ অনুযায়ী দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহ জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে মোট ১.৫৭ কোটি (টাকা এক কোটি সাতান্ন লক্ষ মাত্র) ব্যয় করেছে। উক্ত সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ সংস্কৃতি খাতে সর্বোচ্চ টাকা ০.৪৮ কোটি (৩০.৫৭%) এবং দুর্যোগ ব্যবস্থাপনা খাতে দ্বিতীয় সর্বোচ্চ টাকা ০.৪০ কোটি (২৫.৪৮%) সিএসআর বাবদ ব্যয় করেছে। তাছাড়া অন্যান্য খাতসমূহের মধ্যে শিক্ষা খাতে টাকা ০.২৫ কোটি (১৫.৯২%), অন্যান্য খাতে (Others) টাকা ০.২১ কোটি (১৩.৩৮%) এবং স্বাস্থ্য খাতে টাকা ০.১১ কোটি (৭.০১%) সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে। অপরদিকে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক খুবই স্বল্প পরিমাণে অবকাঠামোগত উন্নয়ন খাতে টাকা ০.০৫ কোটি (৩.১৮%) এবং পরিবেশ বান্ধব খাতে ০.০৭ কোটি (৪.৪৬%) সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে।

### ৩.২.১. শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৬টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে ০২টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৫%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে। তাছাড়া, ০৬টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক শিক্ষাখাতে ব্যয় করেছে।

### ৩.২.২. স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩০টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে সিএসআর বাবদ কোনরূপ অর্থ ব্যয় করেনি। একই সময়ে উক্ত খাতে অপর ০৪টি আর্থিক প্রতিষ্ঠানের সিএসএর ব্যয় তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ২০% এর অধিক।


### ৩.২.৩. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট খাত। জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে দেশের ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৩টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তবে, ১১টি আর্থিক প্রতিষ্ঠান তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ১০% এর বেশি জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয় করেছে।

### ৩.২.৪. ষান্মাষিক ভিত্তিক তুলনামূলক ব্যয়:

আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুন-ডিসেম্বর, ২০১৭ এবং জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর এর তুলনামূলক ব্যয় চিত্র-৪ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হল । জুন-ডিসেম্বর, ২০১৭ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ ছিল মোট টাকা ২.৬৬ কোটি (টাকা দুই কোটি ছেষট্টি লক্ষ মাত্র) টাকা। অন্যদিকে জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ মোট টাকা ১.৫৭ কোটি (টাকা এক কোটি সাতান্ন লক্ষ মাত্র)। অর্থাৎ জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ টাকা ১.০৬ কোটি (টাকা এক কোটি ছয় লক্ষ মাত্র) হ্রাস পেয়েছে ।

চিত্র-৪ঃ আর্থিক প্রতিষ্ঠানের ষান্মাষিক ভিত্তিক সিএসআর এর তুলনামূলক ব্যয়




### ৪. জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের সারসংক্ষেপ:

- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহ সমন্বিতভাবে মোট টাকা ৬২৭.১৩ কোটি (টাকা ছয়শত সাতাশ কোটি তের লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে শিক্ষা খাতে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ২৭২.১৮ কোটি (টাকা দুইশত বাহাত্তর কোটি আঠার লক্ষ মাত্র) এবং যা ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের ৪৩.৪০%।
- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহের দুর্যোগ ব্যবস্থাপনা খাতে দ্বিতীয় সর্বোচ্চ সিএসআর বাবদ ব্যয়ের পরিমাণ টাকা ২৪৬.৮১ কোটি (টাকা দুইশত ছিচল্লিশ কোটি একাশি লক্ষ মাত্র), যা মোট সিএসআর ব্যয়ের ৩৯.৩৬%।
- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে ব্যাংকসমূহের অন্যান্য উল্লেখযোগ্য সিএসআর ব্যয়ের খাতসমূহ হলো অন্যান্য খাতে (Others) টাকা ৬৮.৮২ কোটি (১০.৯৭%) এবং স্বাস্থ্য খাতে টাকা ২১.৫৩ কোটি (টাকা একুশ কোটি তিপ্পান্ন লক্ষ মাত্র)।
- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে মোট টাকা ১.৫৭ কোটি (টাকা এক কোটি সাতান্ন লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সংস্কৃতি খাতে সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ০.৪৮ কোটি (টাকা আটচল্লিশ লক্ষ মাত্র) এবং যা আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের ৩০.৫৭%।

---------------------------